৩০ জুলাই, ২০২৬

# ইরানে মার্কিন বিমান হামলায় একই পরিবারের ৩ জন নিহত



ছবি: সংগৃহীত

ইরানের কেশম দ্বীপে যুক্তরাষ্ট্রের বিমান হামলায় একই পরিবারের তিন সদস্য নিহত হয়েছেন। নিহতদের মধ্যে এক দম্পতি এবং তাদের দুই বছর বয়সী সন্তান রয়েছে।

বৃহস্পতিবার (৩০ জুলাই) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

হরমুজগান ইউনিভার্সিটি অব মেডিকেল সায়েন্সেসের বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়, হামলায় প্রাণ হারানো তিনজনই একই পরিবারের সদস্য। নিহতদের মধ্যে স্বামী-স্ত্রী এবং তাদের দুই বছর বয়সী সন্তান রয়েছে।

এ ছাড়া হামলায় আহত হয়েছে পরিবারের আরও দুই শিশু। সাত ও নয় বছর বয়সী ওই দুই শিশুকে গুরুতর অবস্থায় হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে।

LENS ASIA